**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 23-04.2026** **Time: 1-30**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) কড়া নিরাপত্তায় পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য ১৬-টি জেলায় ১৫২-টি আসনে ভোট নেওয়া হচ্ছে। # শেষ পাওয়া খবরে বেলা ১১'টা পর্যন্ত গড় ভোটদানের হার ৪১ দশমিক ১/১ শতাংশ। # তামিলনাড়ুতে বেলা ১১'টা পর্যন্ত ভোট পড়ে□ ৩৭ দশমিক ৫/৬ শতাংশ।

২/ গুজরাটে উমরেদ এবং মহারাষ্ট্রের বারামতী ও রাহুড়ি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট গ্রহণ চল□।

৩/ পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার ভোটে, প্রচারাভিযান তুঙ্গে। #বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নদীয়ার কৃষ্ণনগরে নির্বাচনী প্রচারে যোগ দিয়ে□ন। #তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতার চৌরঙ্গী এবং যাদবপুরে জনসভা এবং ভবানীপুরে পদযাত্রায় অংশ নেবেন।

৪/ CBSE জানিয়ে□, দশম শ্রেণীর দ্বিতীয় দফার পরীক্ষা, ১৫'ই মে থেকে শুরু হবে।

৫/ ইরান জানিয়ে□, মার্কিন যুক্তরাষ্ট্র, ইজরায়েল যুদ্ধ বিরতি লঙ্ঘন করায় হরমুজ প্রণালী খোলা সম্ভব নয়। #এদিকে, ইরানের আকাশসীমা আংশিকভাবে খুলে দেওয়ার পর আমেরিকার নাগরিকদের দ্রুত সেদেশ □াড়ার পরামর্শ দিয়ে□ মার্কিন বিদেশ দফতর।

৬/ IPL ক্রিকেটে আজ মুম্বাই ইন্ডিয়ান্স, চেন্নাই সুপার কিংস-এর মুখোমুখি হবে।

*********************************************************************

কড়া নিরাপত্তায় পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৬-টি জেলার ১৫২-টি আসনে ভোট গ্রহণ চল□। ভোট নেওয়া হবে সন্ধে ৬-টা পর্যন্ত।

শেষ পাওয়া খবরে বেলা ১১'টা পর্যন্ত গড় ভোটদানের হার ৪১ দশমিক ১/১ শতাংশ।

দু-একটি বিচ্ছিন্ন ঘটনা □াড়া, ভোটদান এখনো পর্যন্ত শান্তিপূর্ণ।

*********************************************************************

তামিলনাড়ুতে এক দফা বিধানসভা নির্বাচনে ২৩৪টি আসনে আজ ভোটগ্রহণ অনুষ্ঠিত হচ্ছে। চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত। এখনও পর্যন্ত ভোট পড়ে□ ৩৭ দশমিক ৫/৬ শতাংশ।

নামাক্কাল এবং এরোডে সর্বাধিক ৪১ শতাংশ ভোট পড়ে□ বলে জানা গে□। চেন্নাই, সালেম, তিরুপ্পুর তিরুভান্নামালাই, ভিল্লুপুরম এবং বিরুধনগরে ৩৫ শতাংশের বেশি ভোট পড়ে□। রাজ্যজুড়ে ৫ কোটি ৭৩ লক্ষেরও বেশি ভোটার ৪ হাজার ২৩ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ কর□ন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অর্চনা পটনায়ক জানিয়ে□ন, শান্তিপূর্ণ, সুশৃঙ্খল ও নির্বিঘ্ন ভোটগ্রহণ নিশ্চিত করতে নির্বাচন কমিশন যথাযথ ব্যবস্থা গ্রহণ করে□। সারা রাজ্যে ৭৫ হাজারেরও বেশি ভোটকেন্দ্র স্থাপন করা হয়ে□।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, অসম, কেরল এবং পুদুচেরি-র নির্বাচনের ফল প্রকাশিত হবে আগামী ৪ঠা মে।

*************************************************************************

গুজরাটের উমরেথ বিধানসভা এবং মহারাষ্ট্রের বারামতি এবং রাহুরি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোটগ্রহণ চল□।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

গুজরাট-এ আনন্দ জেলার উমরেথ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রায় ২ লক্ষ ৪৫ হাজার ভোটার ৩০৬টি ভোটকেন্দ্রে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে প্রায় ৪ হাজার জন প্রথমবারের জন্য ভোট দিচ্ছেন। বর্তমান বিধায়ক গোবিন্দ পারমার-এর আকস্মিক প্রয়াণে শূন্য হয়ে যাওয়া আসনে এই উপনির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। সুষ্ঠু ও নির্বিঘ্ন ভোটগ্রহণ নিশ্চিত করতে প্রায় ১,৫০০ জন ভোটকর্মীকে ভোটগ্রহণের কাজে নিয়োগ করা হয়ে□।

অন্যদিকে মহারাষ্ট্রের পুনে জেলার বারামতি এবং আহিল্যানগর জেলার রাহুরি নির্বাচনী কেন্দ্রে উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ার এবং রাহুরির বিধায়ক শিবাজি কারদিলের প্রয়াণে শূন্য হয়ে যাওয়া আসনে আজ উপনির্বাচন অনুষ্ঠিত হচ্ছে।

বারামতিতে প্রায় ৩লাখ ৮৪ হাজার ভোটার মোট ৪৭৮টি ভোটকেন্দ্রে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। রাহুরিতে মোট ৩৭৪টি ভোটকেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করবেন প্রায় ৩ লাখ ৩৩ হাজার ভোটার। সুষ্ঠু ও নিরাপদ ভোটগ্রহণ নিশ্চিত করতে কমিশনের তরফে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি ওয়েবকাস্টিং-এর মাধ্যমে সার্বক্ষণিক নজরদারি চালানো হচ্ছে।

*************************************************************************

পশ্চিমবঙ্গে প্রথম দফার ভোট গ্রহণের মধ্যে রাজ্যের দ্বিতীয় দফায় যেখানে যেখানে ভোট নেওয়া হবে, সেই সব জায়গায় ভোটারদের মন জয়ের জন্য রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং-মি□ল-জনসভা কর□ন।

বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নদীয়ার কৃষ্ণনগরে নির্বাচনী প্রচারে যোগ দিয়ে□ন। তিনি বলেন, এরাজ্যে এখনো পর্যন্ত ভোটদান শান্তিপূর্ণ। এর জন্য তিনি নির্বাচন কমিশন, সরকারি কর্মচারী এবং সাধারণ মানুষকে অভিনন্দন জানিয়ে□ন।

( বাইট- প্রধানমন্ত্রী/ ধন্যবাদ )

এরপর প্রধানমন্ত্রীর দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় অংশ নেওয়ার কথা। বিকেলে হাওড়ার বেলুড় মঠ দর্শন করে দলীয় প্রার্থীদের হয়ে রোডশো করবেন তিনি। বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ হুগলীর বলাগড় এবং পুরশুড়ায় জনসভায় বক্তব্য রাখবেন। উত্তর ২৪ পরগনার

মধ্যমগ্রামে রোডশো-এর কর্মসূচী রয়ে□ তাঁর। অন্যদিকে দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ উত্তর ২৪ পরগনার খড়দা এবং কাশীপুর-বেলগা□য়ায় দুটি রোডশো করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতার চৌরঙ্গী এবং যাদবপুরে জনসভা এবং ভবানীপুরে পদযাত্রায় অংশ নেবেন। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ প্রচার করবেন মেটিয়াবুরুজে।

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বালিগঞ্জে রোডশো এবং হুগলীর কোন্নগর থেকে উত্তরপাড়া পর্যন্ত পদযাত্রায় যোগ দেবেন। দলীয় প্রার্থীর সমর্থনে যাদবপুরে জনসভায় উপস্থিত থাকবেন দলের সাধারণ সম্পাদক M A বেবী, প্রবীণ নেত্রী বৃন্দা কারাত প্রমুখ।

কংগ্রেস, ISF সহ অন্য রাজনৈতিক দলের নেতা কর্মীরাও ভোটারদের মন জয়ে সবরকম চেষ্টা চালাচ্ছেন।

**********************************************************************

কেন্দ্রীয় মধ্যশিক্ষা পর্ষদ- CBSE জানিয়ে□ দশম শ্রেণির দ্বিতীয় দফার পরীক্ষা ১৫-ই মে থেকে শুরু হবে। প্রসঙ্গত, যে সব শিক্ষার্থী তাঁদের নম্বর বৃদ্ধি করতে ইচ্ছুক তাঁরা যে কোনও তিনটি বিষয়ে পরীক্ষায় বসতে পারবেন। এই পদক্ষেপ জাতীয় শিক্ষা নীতি, ২০২০-র সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

উল্লেখ্য, CBSE চলতি মাসের ১৫ তারিখ দশম শ্রেণির প্রথম দফার পরীক্ষার ফল প্রকাশ করে□ল।

**********************************************************************

পাঞ্জাবের লুধিয়ানায় এক শিল্পপতি ২০ কোটি টাকার জালিয়াতির শিকার হয়ে□ন। পাঞ্জাব পুলিশের সাইবার ক্রাইম বিভাগ ক্রিপ্টোকারেন্সি জালিয়াতির একটি মামলা রুজু করে তদন্ত শুরু করে□।

উল্লেখ্য, ২০২৪ সালে আন্তঃরাজ্য জালিয়াতদের একটি দল পদ্মভূষণ সম্মানপ্রাপ্ত এস পি অসওয়ালের কা□ থেকে ৭ কোটি টাকা হাতিয়ে নেয়। অন্যদিকে, গত ডিসেম্বরে পাঞ্জাব পুলিশের একজন আইজির সঙ্গেও ৮ কোটির বেশি টাকার জালিয়াতি হয়।

**********************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'এক নজরে প্রথম দফা '।
রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট পর্ব কেমন হলো তা তুলে ধরবেন আমাদের জেলা সংবাদদাতা এবং প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮-টা ৫ মিনিটে গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

এদিকে আজ সন্ধ্যার ৭’টা ৫০-এর স্হানীয় সংবাদ ১০ মিনিটের পরিবর্তে ১৫ মিনিটের হবে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৬ শে এপ্রিল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৩-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর

ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়ে□ন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGovOpen Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

**************************************************************************

ইরান জানিয়ে□ মার্কিন যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যুদ্ধবিরতি লঙ্ঘন করায়, হরমুজ প্রণালী খোলা সম্ভব নয়। সামাজিক মাধ্যমের এক বার্তায়, ইরানের প্রধান মধ্যস্থতাকারী মহম্মদ বাঘের গালিবাফ বলেন, শুধু যুদ্ধবিরতি নয়, ইরানের বন্দরগুলির ওপর মার্কিন নৌ-অবরোধ এবং ইসরায়েলের আগ্রাসী মনোভাবের কারণে এই সিদ্ধান্ত। ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেসকিয়ান জানান, তার দেশ আলোচনার জন্য সবসময় প্রস্তুত। এর আগে, মঙ্গলবার রাতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সঙ্গে চলা যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর কথা ঘোষণা করেন।

**************************************************************************

পশ্চিম এশিয়ার সংকটজনক পরিস্থিতির মধ্যে ইরানের আকাশসীমা আংশিকভাবে খুলে দেওয়ার পর মার্কিন নাগরিকদের দ্রুত ইরান □াড়ার পরামর্শ দিয়ে□ মার্কিন বিদেশ দফতর। আঞ্চলিক পরিস্থিতি বিবেচনা ক'রে দরকারে প্রতিবেশী দেশ হয়ে বিকল্প পথে ফিরতে বলা হয়ে□ তাঁদের। যদিও, ঝুঁকিপূর্ণ আফগানিস্তান বা ইরাককে এক্ষেত্রে এড়িয়ে চলতেও সতর্ক করা হয়ে□ নাগরিকদের।

উল্লেখ্য, ফেব্রুয়ারিতে আমেরিকা ও ইজরায়েল ইরানে যৌথভাবে সামরিক অভিযান চালানোর পর সে-দেশের আকাশসীমা বন্ধ করে দেওয়া হয়। এখন সীমিত সংখ্যক যাত্রীবাহী বিমান চলাচলে অনুমতি দেওয়া হয়ে□।

**************************************************************************

পেট্রোল ও ডিজলের দাম বৃদ্ধি পেয়ে□ বলে সামাজিক মাধ্যমে □ড়িয়ে পড়া খবর ভুয়ো বলে খারিজ করে দিয়ে□ পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক। এমন কোনও ভাবনা সরকারের নেই বলেও স্পষ্ট জানিয়ে দেওয়া হয়ে□। মন্ত্রক বলে□, ভারত একমাত্র দেশ, যেখানে গত ৪ ব□রে পেট্রোল ও ডিজেলের মূল্য একবারও বাড়েনি। নাগরিকদের অযথা বিভ্রান্ত ও আতঙ্কিত না হতে পরামর্শ দেওয়া হয়ে□।

**************************************************************************

চতুর্থ ভারত – আফ্রিকা ফোরাম শিখর সম্মেলন, ২০২৬ আগামী ২৮শে মে থেকে নতুনদিল্লিতে হতে চলে□। চলবে ৩১শে মে পর্যন্ত। সম্মেলনের সূচনাজ্ঞাপক অনুষ্ঠানে আজ নতুনদিল্লিতে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেন, আন্তর্জাতিক ক্ষেত্রে জটিল ভূ-রাজনৈতিক পরিস্থিতির মধ্যেও ভারত – আফ্রিকা কৌশলগত অংশিদারিত্ব অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়ে উঠে□।

**************************************************************************

IPL ক্রিকেটে আজ মুম্বাই ইন্ডিয়ানস, চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে খেলবে। মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধে সাড়ে সাতটায়।

********************************************************************